ঈদ মোবারক ঈদ মোবারক

# বিআইডব্লিউটিএ'র সেবা পক্ষ

(৩০ মে ২০১৯ হতে ১২ জুন ২০১৯)



- বীর মুক্তিযোদ্ধা, প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী যাত্রীদের সকল নদী বন্দর টার্মিনালে প্রবেশ ফ্রি
- বীর মুক্তিযোদ্ধা, প্রবীণ নাগরিক, প্রতিবন্ধী ও গর্ভবতী মায়েদের অগ্রাধিকার ভিত্তিতে টার্মিনাল প্রবেশ, অবস্থান ও নৌযানে আরোহণ
- সকল টার্মিনালে মহিলা, প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ টয়লেট সুবিধা
- টার্মিনালে ফ্রি হুইল চেয়ার ও অসুস্থদের জন্য স্ট্রেচার এর ব্যবস্থা
- সদর দপ্তরসহ সকল নদী বন্দর টার্মিনালে হট লাইনসহ কন্ট্রোলরুম স্থাপন
- সকল টার্মিনালে BIWTA এর তথ্য কেন্দ্র ও পুলিশ হেল্প ডেস্কের ব্যবস্থা
- টার্মিনালে মহিলাদের পৃথক ব্রেস্ট ফিডিং রুম এর ব্যবস্থা
- যাত্রীদের তাৎক্ষণিক স্বাস্থ্য সেবা প্রদানে টার্মিনালে মেডিক্যাল টিম ও এ্যাম্বুলেন্স সেবা
- সকল নদী বন্দর টার্মিনালে যাত্রীবান্ধব পরিবেশসহ যাত্রীদের সার্বিক সহায়তায় পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক
- সকল টার্মিনালে সুপেয় পানির ব্যবস্থা এবং মোবাইল চার্জিং পয়েন্ট স্থাপন
- সকল নদী বন্দরে যাত্রীদের নৌ-যান চলাচল সংক্রান্ত তথ্যাদি বিলবোর্ড, ফেস্টুন ও ডিজিটাল স্ক্রীনে প্রচারণাসহ মাইকিং
- অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রীদের নিরাপদ, নিশ্চিত আনন্দময় ভ্রমণে পর্যাপ্ত তদারকি ব্যবস্থা ও প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ

**বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)**

www.biwta.gov.bd

প্রবহমান নদীর সাথে

ঈদ মোবারক ঈদ মোবারক

# বিআইডব্লিউটিএ সেবা পক্ষ

(৩০ মে ২০১৯ হতে ১২ জুন ২০১৯)

# সর্বসাধারণের জন্য সচেতনতামূলক বিজ্ঞপ্তি

আসন্ন ঈদ, দুর্যোগপূর্ণ আবহাওয়া ও কালবৈশাখীর মৌসুমে নিরাপদ নৌপরিবহন ব্যবস্থা সুনিশ্চিতকরণ এবং নৌ-দুর্ঘটনা পরিহারের লক্ষ্যে নিম্নরূপ অতিরিক্ত সতর্কতা অবলম্বনের জন্য BIWTA হতে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো যাচ্ছেঃ-

## যাত্রীদের প্রতিঃ

- অতিরিক্ত যাত্রী হয়ে লঞ্চে উঠবেন না, এতে নৌযানের বিপদ আশংকা বৃদ্ধি পায়।
- লঞ্চের ছাদে যাত্রী হয়ে ভ্রমণ করবেন না, এতে নৌযান দুর্ঘটনায় পতিত হওয়ার সম্ভবনা থাকে।
- দূযোগপূর্ণ আবহাওয়ায় জীবনের ঝুঁকি নিয়ে লঞ্চে ভ্রমণ করবেন না।
- শৃঙ্খলাবদ্ধভাবে লঞ্চে আরোহন/অবরোহন করুন; তাড়াহুড়ো করে জীবনের ঝুঁকি নিবেন না।
- পথিমধ্যে ঝড় দেখা দিলে এদিক ওদিক ছুটাছুটি না করে নিজের জায়গায় অবস্থান করুন।

## মাস্টার/চালকদের প্রতিঃ

- আবহাওয়ার পূর্বাভাস জেনে নৌযান নিয়ে বন্দর ত্যাগ করুন।
- লঞ্চে যাত্রীদের বসার স্থানে মালামাল উঠাবেন না এবং সার্ভে সনদে উল্লেখিত ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী বহন করবেন না।
- বৈধ কাগজপত্র এবং উপযুক্ত সংখ্যক মানসম্পন্ন জীবন রক্ষাকারী সরঞ্জামাদি লঞ্চে রাখুন।
- প্রয়োজনের সময় যাত্রীগণ যেন সহজে ব্যবহার করতে পারে এরূপ স্থানে জীবন রক্ষাকারী সরঞ্জামাদি রাখুন।
- যাত্রার পূর্বে ইঞ্জিন পরীক্ষা করুন এবং আবহাওয়া সংকেত মেনে চলুন; লঞ্চের সার্চলাইট, হর্ণ ও নেভিগেশন বাতিসমূহ যথাযথ আছে কিনা তা পরিক্ষা করুন।
- দূযোগপূর্ণ আবহাওয়ার আশংকা দেখা দিলে আবহাওয়া সম্পূর্ণ বিপদমুক্ত না হওয়া পর্যন্ত লঞ্চ বন্দর/ঘাট ত্যাগে বিরত থাকুন।
- আবহাওয়া খারাপ হওয়ার আশংকা থাকলে বন্দর বহির্ভূত ঘাট হতে লঞ্চ ছাড়ার ক্ষেত্রে নিকটবর্তী বিআইডব্লিউটিএ'র নৌ-নিরাপত্তা ও ট্রাফিক বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে মোবাইলে যোগাযোগ করে লঞ্চ ছাড়ুন।
- পথিমধ্যে ঝড়ের আশংকা দেখা দিলে লঞ্চ দ্রুত নিকটস্থ ঘাট/বন্দর/নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিন।
- ঘাটে ভিড়ার এবং ছাড়ার সময় সতর্কতা অবলম্বন করুন এবং ধীরগতিতে লঞ্চ পরিচালনা করুন।
- পথিমধ্যে অন্য লঞ্চের সাথে প্রতিযোগিতা করবেন না।
- লঞ্চে মোবাইল ফোন, রেডিও ও টেলিভিশন রাখুন এবং নিয়মিত আবহাওয়া বার্তা শুনুন।
- যাত্রীরা যাতে নৌযানের ছাদে উঠতে না পারে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখবেন।
- আকাশের উত্তর, পশ্চিম বা উত্তর পশ্চিম দিকে কালো মেঘ দেখা দিলে, হঠাৎ ঠান্ডা বাতাস প্রবাহিত হলে, বায়ু চাপ কমে গেলে ঝড়ের আশংকা থাকে। এ সময় লঞ্চ যাত্রায় সতর্কতা অবলম্বন করুন কিংবা যাত্রা হতে বিরত থাকুন।

## মালিকের প্রতিঃ

- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সংখ্যক ও নির্ধারিত গ্রেডের মাস্টার/সারেং ও ড্রাইভার দ্বারা লঞ্চ পরিচালনা করুন।
- প্রতিটি লঞ্চে মোবাইল ফোন ও রেডিও ও টেলিভিশন সরবরাহ নিশ্চিত করুন।
- যাত্রিবাহী নৌযানের দু'পাশের ভারী পর্দা ও রশি অপসারণ করুন, যাতে অবাধে বাতাস প্রবাহিত হতে পারে।
- দুর্যোগপূর্ণ আবহাওয়া বিরাজ করলে নৌযানের যাত্রা স্থগিত রাখার জন্য মাস্টার/ড্রাইভারদের নির্দেশনা দিন।
- নৌযানের মাস্টার ব্রীজে যাত্রী সাধারণের অবাধ চলাচল বন্ধ করার জন্য দু'পাশ অস্থায়ীভাবে বন্ধ করার ব্যবস্থা করুন।

## রাতে চলাচল সম্পর্কিত নির্দেশনাঃ

- উপরোক্ত নির্দেশনা মেনে কেবলমাত্র বৈধ সার্ভে সনদধারী নৌযান উপযুক্ত মাস্টার/ড্রাইভার ও উপযুক্ত নেভিগেশনাল বাতি দ্বারা সজ্জিত হয়ে রাতে চলাচল করবে।
- সকল বালুবাহী, মাটিবাহী, ইটবাহী ট্রলার, ড্রেজার, ইঞ্জিন চালিত নৌকার রাতে চলাচল নিষিদ্ধ করা হয়েছে। এ সকল নৌযান কেবলমাত্র দিনে অর্থাৎ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত চলাচল করবে।

সুষ্ঠু ও নিরাপদ নৌ যাত্রা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

**হট লাইনঃ ০১৪০০-১৫০১৫০** সদরঘাট হট লাইন : ০১৩০৪০০৪০০৩, ০১৩০৪০০৪০০৬

## বিআইডব্লিউটিএ'র প্রধান দপ্তরসহ সকল নদী বন্দরে নিম্নোক্ত ''কন্টোল রুম'' খোলা হয়েছে।

| ক্রঃ নং | দপ্তরের নাম | ফোন নম্বর |
|---|---|---|
| ১. | নিয়ন্ত্রণ কক্ষ (ঢাকা) | ০২-৯৫৮২৩০৬ |
| ২. | ঢাকা নদী বন্দর (সদরঘাট) | ০২৯৫৫৯৮৯৮ |
| ৩. | নারায়ণগঞ্জ নদী বন্দর | ০১৯৫৯৯৯৯২২৮, ০২-৭৬৩১০০৩ |
| ৪. | চাঁদপুর নদী বন্দর | ০১৭১৮৮১০০১৪ |
| ৫. | বরিশাল নদী বন্দর | ০১৯১১০৫১১৮৯, ০৪৩১৬১৪৪৯ |
| ৬. | পটুয়াখালী নদী বন্দর | ০১৭২২০৪৬৮৬২, ০৪৪১-৬২৩৪০ |
| ৭. | চট্টগ্রাম দপ্তর | ০১৮১৯৫২০৩৪৭ |
| ৮. | কক্সবাজার নদী বন্দর | ০১৮১৯৫২০৩৪৭ |

| ক্রঃ নং | দপ্তরের নাম | ফোন নম্বর |
|---|---|---|
| ৯. | খুলনা নদী বন্দর | ০১৭১৫৭২৮৯২৯, ০৪১-৭২১৯২৯ |
| ১০. | আরিচা নদী বন্দর | ০১৭১৭০০৬১০৪ |
| ১১. | শিমুলিয়া নদী বন্দর | ০১৬৮৮৬০১৬৭৯ |
| ১২. | বাঘাবাড়ি নদী বন্দর | ০১৭১১৯৩৪৬৯৪ |
| ১৩. | ভোলা নদী বন্দর | ০১৭১৭৮০০০০৮ |
| ১৪. | বরগুনা নদী বন্দর | ০১৬৭৮১৪২২৫৪ |
| ১৫. | আশুগঞ্জ নদী বন্দর | ০১৭১৮১০৫০০০, ০১৭১৮৩০৪৮৯৮ |

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)
www.biwta.gov.bd